গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
(সাধারণ শাখা)।
www.bhola.gov.bd

## "বাংলা নববর্ষ ১৪৩১" আয়োজন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব আরিফুজ্জামান
জেলা প্রশাসক, ভোলা।
স্থান : জেলা প্রশাসক, ভোলা এর সম্মেলন কক্ষ।
তারিখ : ০২.০৪.২০২৪ খ্রি.
সময় : বেলা ১১.০০ টা।

[সভায় উপস্থিত সদস্যদের হাজিরা রেজিস্টারে সংরক্ষিত]

সভার শুরুতে সভাপতি পবিত্র মাহে রমজানের শুভেচ্ছা ও সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ২০১৬ সালে ইউনেস্কো কর্তৃক 'মঙ্গল শোভাযাত্রা'কে 'Intangible Cultural Heritage' এর তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে, এর ফলে বাংলার নিজস্ব সংস্কৃতি আন্তর্জাতিক পরিমন্ডলে পরিচিতি লাভ করেছে। দেশীয় ঐতিহ্য, সংস্কৃতির বিস্তার ও বিকাশের লক্ষ্যে তিনি জাতীয় কর্মসূচির আলোকে এজেন্ডাভিত্তিক আলোচনা শুরু করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)'কে অনুরোধ করেন।

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বাংলা নববর্ষ-১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। প্রাপ্ত কার্যবিবরণী এবং গত বছরে ভোলা জেলায় গৃহীত কর্মসূচির উপর সভায় উপস্থিত সকল কর্মকর্তা, জনপ্রতিনিধি, বীর মুক্তিযোদ্ধা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ এবং বিশিষ্ট ব্যক্তিবর্গসহ সকলে বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে জেলা প্রশাসন, ভোলা কর্তৃক দিবসটি বর্ণিলভাবে উদ্‌যাপনের জন্য নিম্নোক্ত কর্মসূচি গৃহীত হয়:

| তারিখ ও সময় | গৃহীত কর্মসূচি ও স্থান | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ সকাল ০৮:০০ টা | 'মঙ্গল শোভাযাত্রা'<br>স্থান: জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা হতে ভোলা সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ পর্যন্ত। | মঙ্গল শোভাযাত্রা উপকমিটি |
| ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ সকাল ০৮:৩০ টা | বাংলা নববর্ষ উপলক্ষ্যে বর্ষবরণ উৎসব ও পুরস্কার বিতরণ।<br>স্থান: ভোলা সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ। | বর্ষবরণ উৎসব ও পুরস্কার বিতরণ উপকমিটি |
| ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ সকাল ০৯:০০ টা | বাঙ্গালীর ঐতিহ্য পান্তাসহ দেশীয় খাদ্য পরিবেশন।<br>স্থান: ভোলা সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ। | বর্ষবরণ উৎসব উপকমিটি |
| ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ বাদ যোহর/সুবিধামত সময় | দেশ ও জাতির সমৃদ্ধি ও শান্তি কামনা করে দোয়া/প্রার্থনা<br>স্থান: কোর্ট জামে মসজিদ, ভোলা ও অন্যান্য ধর্মীয় উপসনালয়। | ১. ইসলামিক ফাউন্ডেশন, ভোলা।<br>২. সভাপতি/সম্পাদক, জেলা ইমাম সমিতি, ভোলা।<br>৩. সংশ্লিষ্ট মসজিদ/উপসনালয় কর্তৃপক্ষ। |
| ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ | জেলা কারাগার, হাসপাতাল ও সরকারি শিশু পরিবারে (এতিমখানা) উন্নতমানের ঐতিহ্যবাহী বাঙালী খাবার সরবরাহের ব্যবস্থা গ্রহণ। | ১. তত্ত্বাবধায়ক,২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, ভোলা।<br>২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ভোলা।<br>৩. জেল সুপার, ভোলা।<br>৪. তত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার বালক/বালিকা, ভোলা। |
| ০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ সন্ধ্যা ০৭:০০ টা | "বাংলা নববর্ষ ১৪৩১" আয়োজন উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান।<br>স্থান: ভোলা সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ। | সাংস্কৃতিক অনুষ্ঠান উপকমিটি। |

সিদ্ধান্ত সমূহ:

০১। গৃহীত কর্মসূচির সাথে সমন্বয় করে ভোলা সদর উপজেলা ব্যতীত এ জেলার অন্যান্য উপজেলা নির্বাহী অফিসারগণ নিজ নিজ উপজেলার জন্য কর্মসূচি প্রণয়ন করবেন। ভোলা সদর উপজেলা জেলা প্রশাসনের সাথে একত্রে কর্মসূচি পালন করবে।

০২। পহেলা বৈশাখ উপলক্ষ্যে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানসহ গৃহীত কর্মসূচিসমূহের স্থান ও তদ্সংলগ্ন এলাকায় এবং বিভিন্ন বিভাগ/দপ্তর ও সাংস্কৃতিক সংগঠন কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানে আইন-শৃঙ্খলা বজায় রাখা এবং একটি সুসজ্জিত পুলিশ বাদক দলের উপস্থিতি পুলিশ সুপার, ভোলা ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লি: এবং জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ভোলা, বাংলা নববর্ষ উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচি যথাযথভাবে পালনের নিমিত্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবেন।

০৪। জেলা তথ্য অফিসার, ভোলা গৃহীত কর্মসূচি ব্যাপক প্রচারসহ কর্মসূচিসমূহে মাইক সরবরাহ এবং'বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে শ্যাম বেনেগাল কর্তৃক নির্মিত বঙ্গবন্ধুর বায়োপিক জেলাব্যাপী বিনামূল্যে প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করবেন।

০৫। সিভিল সার্জন, ভোলা 'মঙ্গল শোভাযাত্রা'য় তাৎক্ষণিক অসুস্থতায় চিকিৎসার জন্য সার্বক্ষণিক একটি 'মেডিকেল টিম' নিয়োগ করবেন।

০৬। পহেলা বৈশাখ উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন বিভাগ/দপ্তর ও সাংস্কৃতিক সংগঠন কর্তৃক গৃহীত কর্মসূচির বিষয়ে পুলিশ বিভাগকে যথাসময়ে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তর ও সংগঠন প্রধানগণ ব্যবস্থা নিবেন এবং উক্ত কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় নিরাপত্তা বিধানে পুলিশ সুপার, ভোলা ব্যবস্থা নিবেন।

০৭। ভোলা পৌরসভাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদেরকে এবং সকল সাংস্কৃতিক সংগঠনের কর্মীদেরকে নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে স্ব-স্ব প্রতিষ্ঠান/সংগঠনের ব্যানার এবং পর্যাপ্ত প্ল্যাকার্ড নিয়ে বর্ণাঢ্য 'মঙ্গল শোভাযাত্রায়' আন্তরিকভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য জেলা শিক্ষা অফিসার, ভোলা এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা ব্যবস্থা নিবেন।

০৮। এ জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও সাড়ম্বরে বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন করবেন। বিষয়টি জেলা শিক্ষা অফিসার, ভোলা এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা নিশ্চিত করবেন।

০৯। পহেলা বৈশাখ উদ্‌যাপন উপলক্ষ্যে বৈশাখী মেলা আয়োজনের বিষয়ে পর্যালোচনাপূর্বক পরবর্তীতে সিদ্ধান্ত নেয়ার জন্য উপব্যবস্থাপক, বিসিক, জেলা কার্যালয়, ভোলা মেলার আয়োজনের ব্যবস্থা নিবেন।।

১০। বাংলা নববর্ষ- ১৪৩১ উপলক্ষ্যে শিশু-কিশোর, ছাত্র-ছাত্রী, প্রতিবন্ধী ও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য (১) মুক্তিযুদ্ধ জাদুঘর, বাংলাবাজার, ভোলা, (২) জেলা পরিষদ জাদুঘর, ভোলা, (৩) শিশু পার্ক চরফ্যাশন, ভোলা উন্মুক্ত রাখা এবং বিনা টিকেটে প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবেন।

১১। 'মঙ্গল শোভাযাত্রা'য় অংশগ্রহণকারী শিশু/ছাত্র-ছাত্রীদর মাঝে সুপেয় পানি সরবরাহ করার জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভোলা ব্যবস্থা করবে।

১২। 'মঙ্গল শোভাযাত্রা'য় গার্লস গাইডের বাদক দলের উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রধান শিক্ষক, ভোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ভোলা ব্যবস্থা গ্রহণ করবে।

১৩। বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন অনুষ্ঠানে আবশ্যিকভাবে জাতীয় সংগীত ও এসো হে বৈশাখ গান পরিবেশনের মাধ্যমে বর্ষবরণ অনুষ্ঠান শুরু করতে হবে।

১৪. বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে রচনা (বাংলা নববর্ষ, অসাম্প্রদায়িক চেতনা ও বঙ্গবন্ধু) ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজনে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, কালচারাল অফিসার, ভোলা ও গ্রন্থাগারিক, জেলা গণগ্রন্থাগার, ভোলা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫। জেলা পর্যায়ের সকল সরকারি কর্মকর্তা/কর্মচারী কর্মস্থলে উপস্থিত থেকে জেলা প্রশাসন, ভোলা কর্তৃক আয়োজিত 'মঙ্গল শোভাযাত্রাসহ' সকল কর্মসূচিতে অংশগ্রহণ নিশ্চিত করবেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি বাংলা নববর্ষ ১৪৩১ উদ্‌যাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, ভোলা কর্তৃক গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আরিফুজ্জামান) ৫/৪/২০২৪
জেলা প্রশাসক
ভোলা।
ফোন নং : ০২৪৭৮৮৯৪৪০০
ফ্যাক্স নং : ০২৪৭৮৮৯৪৫২৬
ই-মেইল: dcbhola@mopa.gov.bd

'মঙ্গল শোভাযাত্রা' উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ০১. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা | আহবায়ক |
| ০২. | অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল), ভোলা | সদস্য |
| ০৩. | বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম, প্রাক্তন ডেপুটি কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, জেলা ইউনিট, ভোলা | সদস্য |
| ০৪. | সভাপতি, ভোলা প্রেসক্লাব, ভোলা | সদস্য |
| ০৫. | মেয়র, ভোলা পৌরসভা, ভোলা এর প্রতিনিধি | সদস্য |
| ০৬. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা | সদস্য |
| ০৭. | জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, ভোলা। | সদস্য |
| ০৮. | জনাব খাদিজা আক্তার স্বপ্না, সাধারণ সম্পাদক,লেডিস ক্লাব, ভোলা | সদস্য |
| ০৯. | জনাব তালহা তালুকদার বাধন, আঞ্চলিক সমন্বয়কারী, বাংলাদেশ গ্রাম থিয়েটার | সদস্য |
| ১০. | জনাব রেহানা ফেরদৌস, প্রভাষক, বাংলাবাজার ফাতেমা খানম কলেজ, ভোলা | সদস্য |
| ১১. | জনাব আলহাজ্ব মো: ফয়সেল, সহ-সভাপতি, জেলা ক্রীড়া সংস্থা, ভোলা | সদস্য |
| ১২. | জনাব মো: মনিরুল ইসলাম এএলটি, জেলা স্কাউটস লিডার, ভোলা | সদস্য |
| ১৩. | নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা | সদস্য-সচিব |

বর্ষবরণ উৎসব ও পুরস্কার বিতরণ উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ০১. | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ভোলা | আহবায়ক |
| ০২. | অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম ও অপারেশন), ভোলা | সদস্য |
| ০৩. | জেলা শিক্ষা অফিসার, ভোলা | সদস্য |
| ০৪. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা | সদস্য |
| ০৫. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিচার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা | সদস্য |
| ০৬. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, শিক্ষা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা | সদস্য |
| ০৭. | কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, ভোলা | সদস্য |
| ০৮. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, ভোলা | সদস্য |
| ০৯. | প্রতিনিধি, সাংস্কৃতিক সংগঠন (সকল), ভোলা | সদস্য |
| ১০. | সহকারী কমিশনার (ভূমি), ভোলা সদর, ভোলা | সদস্য-সচিব |

সাংস্কৃতিক উপকমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ০১. | বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা | আহবায়ক |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা | সদস্য |
| ০৩. | অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল), ভোলা | সদস্য |
| ০৪. | জেলা শিক্ষা অফিসার, ভোলা | সদস্য |
| ০৫. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা | সদস্য |
| ০৬. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা | সদস্য |
| ০৭. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, ভোলা | সদস্য |
| ০৮. | কালচারাল অফিসার, শিল্পকলা একাডেমি, ভোলা | সদস্য |
| ০৯. | জনাব তালহা তালুকদার বাধন, আঞ্চলিক সমন্বয়কারী, বাংলাদেশ গ্রাম থিয়েটার | সদস্য |
| ১০. | জনাব মোঃ আবিদুল আলম, সাংস্কৃতিক কর্মী | সদস্য |
| ১১. | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা | সদস্য-সচিব |

০৬/০৪/২৪

(রিপন কুমার সাহা)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ভোলা।
ফোন নং- ০২৪৭৮৮৯৩৩৫৫

নম্বর- ০৫.১০.০৯০০.০০৩.১০.০০৩.২২.১৮২

তারিখ: ২০ চৈত্র ১৪৩০ / ০৩ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। জনাব তোফায়েল আহমেদ, মাননীয় সংসদ সদস্য, ভোলা-১।
০২। জনাব আলী আজম, মাননীয় সংসদ সদস্য, ভোলা-২।
০৩। জনাব নুরুন্নবী চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ভোলা-৩।
০৪। জনাব আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব, মাননীয় সংসদ সদস্য, ভোলা-৪।
০৫। জনাব খালেদা বাহার বিউটি, সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ সদস্য, ৩১৬, মহিলা আসন-১৬ (ভোলা)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। চেয়ারম্যান, জেলা পরিষদ, ভোলা।
০২। পুলিশ সুপার, ভোলা।
০৩। মেয়র, ভোলা পৌরসভা, ভোলা।
০৪। অধ্যক্ষ, ভোলা সরকারি কলেজ/সরকারি শেখ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ, ভোলা।
০৫। সিভিল সার্জন, ভোলা।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/(রাজস্ব), (শিক্ষা ও আইসিটি), বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।
০৮। জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল), ভোলা।
০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভোলা সদর , ভোলা।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা।
১১। নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা।
১২। সহকারী কমিশনার (ভূমি), ভোলা সদর, ভোলা।
১৩। জেল সুপার, জেলা কারাগার, ভোলা।
১৪। তত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার বালক/বালিকা, ভোলা।
১৫। জেলা লাইব্রেরিয়ান, গণগ্রন্থাগার, ভোলা
১৬। প্রধান শিক্ষক,..........................................................................
১৭। সভাপতি/ সম্পাদক......................................................................
১৮। জনাব ..........................................................................
..........................................................................।

৩/০৪/২৪

(রিপন কুমার সাহা)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ভোলা।
ফোন নং- ০২৪৭৮৮৯৩৩৫৫